*॥ বিশেষ ঘোষণা ॥*

গত ৩০শে আগস্ট ২০২১ যে নাগরিক কনভেনশনটি আয়োজিত হবার কথা ছিলো সেটি স্থগিত রাখার ঘোষণা আমরা ইতিপূর্বেই করেছিলাম । পরিবেশ আকাদেমি, চন্দননগরের সভাপতি বিশ্বজিৎ মুখোপাধ্যায় আকস্মিকভাবে করোনা আক্রান্ত হয়ে পড়ার কারণেই এই সিদ্ধান্ত । আপাততঃ আমরা ঠিক করেছি বিশ্বজিৎ মুখোপাধ্যায় সুস্থ হয়ে ওঠার পর, অন্যান্য সবকিছু ঠিকঠাক থাকলে, আগামী ১৭ সেপ্টেম্বর ২০২১ (বিশ্বকর্মা পুজোর দিন) সকালে এই কনভেনশনটি অনুষ্ঠিত হবে ।

প্রাসঙ্গিক আরও কয়েকটি কথা আপনাদের জানাতে চাই । করোনা সংক্রমণ হোক অথবা ঘূর্ণিঝড় কিংবা কারখানা লক আউট আমরা সবসময়েই চেষ্টা করেছি পার্শ্ববর্তী গোন্দলপাড়া জুটমিলের উপার্জনহীন শ্রমিক সহ শহরের অন্যান্য সকল প্রান্তিক মানুষের পাশে দাঁড়াতে । এই কাজে সর্বদাই আমাদের সাহায্য করে এসেছেন আমাদের সহযোগী সংগঠনগুলি এবং শহরের সংবেদনশীল ব্যক্তিবর্গ । পরিবেশ আকাদেমি, চন্দননগর, সবুজের অভিযান, বড়বাজার, শ্রমিক কল্যাণ সমিতি এবং প্রবীণ নাগরিক অধিকার রক্ষা কমিটির পক্ষ থেকে অন্যান্যবারের মতো এইবারেও আসন্ন উৎসব মরসুম উপলক্ষে শহরের প্রান্তিক মানুষদেরকে যথাসম্ভব সাহায্য করার সিদ্ধান্ত নেয়া হয়েছে । গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী আড়াইশো জন দুস্থ মহিলা শ্রমিককে সবুজের অভিযান (বড়বাজার, চন্দননগর) ক্লাবের ফান্ড থেকে শাড়ী দেওয়া হবে । এই কাজে আনুমানিক খরচা পড়বে ৭৫,০০০ টাকার মতো ।

এখনকার ভয়াবহ পরিস্থিতিতে আফগানিস্তানে বসবাসকারী ভারতীয়দের অবস্থা অতীব আশঙ্কাজনক । দ্রুত এই সকল মানুষকে দেশে ফিরিয়ে নিয়ে আনতে হবে । ভারতে পাঠরত আফগান ছাত্রছাত্রীদের সবরকমের সুরক্ষার বন্দোবস্ত করতে হবে । আফগানিস্থানের বুকে ঘটে চলা তালিবানি নির্মম নৃশংসতার সাথে সাথে সকল প্রকার তালিবানি সিদ্ধান্ত ও পদ্ধতির বিরুদ্ধে অবস্থান গ্রহণ করতে হবে । এই মর্মে, ইতিমধ্যেই, আমাদের সহযাত্রী সংগঠন আইন সহায়তা কেন্দ্র, চন্দননগরের মুখ্য উপদেষ্টা বিশ্বজিৎ মুখোপাধ্যায়, তাঁর এই অসুস্থ অবস্থাতেও মাননীয় প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি আবেদনপত্র পাঠিয়েছেন । আগামী নাগরিক কনভেনশনে এই বিষয়গুলি নিয়ে আরও বিস্তারিত আলোচনা হবে এবং সেই আলোচনাপ্রসূত দাবিসনদও আমরা দেশের প্রধানমন্ত্রীর কাছে পেশ করবো । চন্দননগর স্ট্র্যান্ড থেকে শুরু করে শহরের দক্ষিণদিকে গঙ্গার তীর ধরে যে ভাঙনের সমস্যা দেখা দিয়েছে সেই বিষয়েও আলোচনা করে আমরা এই কনভেনশন থেকে সুস্পষ্ট প্রস্তাব ও সিদ্ধান্ত গ্রহণ করতে চাই ।

সকল সহযোগী সংস্থা এবং শুভানুধ্যায়ী ব্যক্তিবর্গের কাছে আমাদের অনুরোধ, উল্লেখিত বিষয়গুলি নিয়ে সহমত হলে, তাঁরা যেন আমাদের পাশে এসে দাঁড়ান এবং সাহায্যের হাত বাড়িয়ে দেন । যে সকল শুভানুধ্যায়ী মানুষ আমাদের অর্থ সাহায্য করতে চান তাঁরা নিম্নলিখিত ব্যাঙ্ক অ্যাকাউন্টের সাহায্যে টাকা পাঠাতে পারেন ।

A/C No -10410100028018

Name- Barabazar Chandannagore Sabujer Avijan

Bank- Bank of Baroda

Branch- Chandannagar
IFSC- BARB0CHAHOO
(Fifth character is zero rest all alphabets)

বিনীত,

কুনাল সেন
কার্যকরী সভাপতি
পরিবেশ আকাদেমি, চন্দননগর

শিবনাথ লাঙ্গল
সম্পাদক
সবুজের অভিযান
বড়বাজার, চন্দননগর

চন্দননগর, ১লা সেপ্টেম্বর ২০২১